কালের কণ্ঠ

তারিখ 11 AUG 2016
পৃষ্ঠা ১৯ কলাম ৩

# শিক্ষাপ্রতিষ্ঠানে জঙ্গিবাদবিরোধী সভা আগামী ৩ সেপ্টেম্বর

নিজস্ব প্রতিবেদক ▷

সারা দেশের সব শিক্ষাপ্রতিষ্ঠানে আগামী ৩ সেপ্টেম্বর জঙ্গিবাদ ও সন্ত্রাসবিরোধী সমাবেশ অনুষ্ঠানের নির্দেশ দিয়েছে শিক্ষা মন্ত্রণালয়। শিক্ষার্থী ও তাদের অভিভাবক ছাড়াও এলাকার বিভিন্ন শ্রেণি-পেশার প্রতিনিধিদের নিয়ে এই জঙ্গিবাদ ও সন্ত্রাসবিরোধী সভা আয়োজনের জন্য দেশের সব শিক্ষাপ্রতিষ্ঠান প্রধানকে উদ্যোগ নেওয়ার নির্দেশনা দিয়ে গতকাল বুধবার অফিস আদেশ জারি করেছে শিক্ষা মন্ত্রণালয়।

নির্দেশনায় বলা হয়েছে, জঙ্গিবাদ ও সন্ত্রাসবিরোধী সচেতনতা সৃষ্টির পাশাপাশি শিক্ষাপ্রতিষ্ঠানে নিয়মিত সাংস্কৃতিক অনুষ্ঠান, ক্রীড়া অনুষ্ঠান আয়োজন, স্কাউটিং ও গার্ল গাইডস কার্যক্রম বাড়াতে হবে।

জঙ্গিবাদ ও সন্ত্রাসবিরোধী সভায় সব শিক্ষক, শিক্ষার্থী, অভিভাবক, সমাজের বিশিষ্ট উদ্যোগী ব্যক্তি, কমিউনিটি লিডার, ইমাম ও গণমাধ্যম প্রতিনিধিদের উপস্থিতি নিশ্চিত করতে বলা হয়েছে।

গত ১ জুলাই গুলশানের রেস্তোরাঁয় জঙ্গি হামলাসহ জঙ্গিবাদী তৎপরতায় শিক্ষার্থীদের সম্পৃক্ততার প্রেক্ষাপটে দেশের সরকারি-বেসরকারি কলেজ, মাদ্রাসা ও বিশ্ববিদ্যালয় প্রধানদের সঙ্গে বৈঠক করেন শিক্ষামন্ত্রী। এরই ধারাবাহিকতায় দেশের স্কুল, কলেজ, মাদ্রাসা ও বিশ্ববিদ্যালয়গুলোকে এই সমাবেশ করার নির্দেশ দিল সরকার।